# 'কৃষ্ণকুমারী' নাটকে পাশ্চাত্যপ্রভাব

উনিশ-বিশ শতকের বাংলা সাহিত্যে অনেকখানি ঋদ্ধ হয়েছিল প্রতীচ্য সাহিত্যের যোগে। বলা যায়, এর ফলে বাংলা সাহিত্যে তার দৈশিক অভিপ্সা অতিক্রম করে উত্তীর্ণ হয়েছিল বৈশ্বিক অভিপ্সায়। এ বিষয়ে যার ভূমিকা সর্বাগ্রে তিনি মাইকেল মধুসূদন দত্ত। উনিশ শতকের পাঁচের দশকে প্রাচীন সংস্কৃত রীতির অনুকরণে রচিত হচ্ছিল কিছু বাংলা নাটক, এবং কেশ কিছু বিদেশী নাটকের অনুবাদ। মাইকেল মধুসূদন দত্তই সর্বপ্রথম বাংলা সাহিত্যে (মূলত কাব্য ও নাটক) আনলেন অভিনবত্ব। বাল্যাবস্থা থেকেই পাশ্চাত্য সাহিত্যের প্রতি মাইকেলের ছিল সুতীব্র অনুরাগ। শুধুমাত্র আঙ্গিকগত দিক থেকে নয় ভাবগত দিক থেকেও মাইকেল পাশ্চাত্যের ধ্রুপদী সাহিত্যশৈলী ও সাহিত্যের প্রভাব আনলেন বাংলা সাহিত্যে। রাজপুতানার ইতিহাসকে অবলম্বন করে ১৮৬০ খ্রি: 'কৃষ্ণকুমারী' নাটক রচিত হয়। যা বাংলাসাহিত্যের সফল ঐতিহাসিক ট্র্যাজেডি নাটক। সাহিত্যের ঐতিহাসিকেরা তাঁর 'কৃষ্ণকুমারী' নাটকের সঙ্গে ঘটনাগত সাদৃশ্য লক্ষ করেছেন ইউরিপিদিসের 'ইফিগেনিয়া অ্যাট আউলিস' নাটকের। কিন্তু তার বাইরেও প্রতীচ্যের আরো নানান সাহিত্যকৃতি, পুরাণ, ইতিহাসের সঙ্গে মিল রয়েছে 'কৃষ্ণকুমারী' নাটকের, সাহিত্যের সাত সমুদ্রের নাবিক মাইকেলের 'কৃষ্ণকুমারী' পাঠ করলে এবং গভীরতরভাবে দেখলে বিস্মিত হতে হয় মাইকেলের অসাধারণ পাণ্ডিত্যে।

Scanned with CamScanner

'কৃষ্ণকুমারী' নাটকে পাশ্চাত্য সাহিত্যের যে যে রচনার ব্যাপক প্রভাব লক্ষ করা যায় তা হল :

① ইউরিপিদিসের 'Helen' নাটক।

② রোমান ইতিহাস — চসারের 'The Physician's Tale'

③ শেক্সপীয়রের 'Titus Andronicus' নাটক।

④ গ্রীক পুরান, ইস্কাইলাসের 'Agamemnon', ও সোফোক্লিসের 'Electra' ও ইউরিপিদিসের 'Iphigneia in Aulis',

⑤ জেমস টডের 'Annals and Antiquites of Rajasthan'.

⑥ রাসিনের 'Iphigenia' নাটক।

⑦ ওয়েবস্টারের 'Appius and Virgenia'.

⑧ লেসিং এর 'Emilia Galotti'.

⑨ বাইবেলের জেপথার কাহিনি।

⑩ হিব্রু বাইবেলের আইজ্যাকের কাহিনি।

## ইউরিপিদিসের 'Helen' ও কৃষ্ণকুমারী :

গ্রীক পুরান অনুসারে হেলেন ছিলেন গ্রীসের সর্বশ্রেষ্ঠ সুন্দরী, হেলেন দেবতা জিউসের ঔরসজাত। হেলেনের স্বামী স্পার্টার রাজা মেনেলিউস। হঠাৎ একদিন মেনেলিউসের অনুপস্থিতিতে ট্রয়ের রাজা প্রায়ামের পুত্র প্যারিস হেলেনকে অপহরন করে ট্রয়ে নিয়ে চলে যায়, মেনেলিউস ফিরে এসে সমস্ত বিষয় অবগত হয়ে হেলেনকে উদ্ধারের জন্য ট্রয়

আক্রমণের সিদ্ধান্ত নেন। দশদিন ব্যাপী যুদ্ধের পরিসমাপ্তি হয়, গ্রীস ও ট্রয়ের যুদ্ধে গ্রীস বিজয়ী হয়ে হেলেনকে উদ্ধার করেন মেনেলিউস। এই ঘটনায় কৃষ্ণকুমারী ও হেলেন চরিত্রের মিল আছে। হেলেন কৃষ্ণকুমারীর মতো আত্মহত্যা করেনি। হোমার ও ইউরিপিদিসের কাহিনি অনুসারে হেলেনের জীবন মোটামুটি সুখদায়ক। তবে বিবদমান দেশগুলির ক্ষয়ক্ষতি বা বিপর্যয়ের জন্য কৃষ্ণকুমারী ও হেলেনের রূপ সৌন্দর্য পরোক্ষভাবে দায়ী। কৃষ্ণকুমারীর আত্মবিনাশ যেন মেবারের বিনষ্টির নামান্তর হয়ে উঠেছে।

## চসারের 'The Physician's Tale' ও 'কৃষ্ণকুমারী'

রোমান ইতিহাসের ঘটনাকে অবলম্বন করে জিওফ্রে চসার তাঁর 'Canterbury Tales (1399 A.D) এর 'The Physician's Tale' রচনা করেন। গল্পটিতে দেখা যায় ভার্জিনিয়াস নামক এক অত্যন্ত ধনশালী ও সম্মানিত নাইটের কন্যা ভার্জিনিয়ার রূপে মুগ্ধ হয়ে পড়েন অ্যাপিয়াস। ভার্জিনিয়াকে দেখামাত্রই কামনাচঞ্চল হয়ে ওঠেন অ্যাপিয়াস। অ্যাপিয়াস, ক্লডিয়াস নামক এক ধূর্ত ব্যক্তির সঙ্গে ষড়যন্ত্র করে ভার্জিনিয়াকে আয়ত্ত করার ব্যবস্থা করেন। অ্যাপিয়াসের রায় শুনে পিতা ভার্জিনিয়াস বুঝতে পারে কী নিদারুণ পাপ ও লাম্পট্যের শিকার হতে হবে তার কন্যা ভার্জিনিয়াকে। ভার্জিনিয়ার সতীত্ব রক্ষার্থে এবং ভার্জিনিয়াসের রাজ্যের সম্মান বাঁচাতে নিজের তলোয়ার দিয়ে তাঁর কন্যাকে বলি দেন। এই গল্পে ক্লডিয়াস চরিত্রের সঙ্গে কৃষ্ণকুমারীর ধনদাস চরিত্রের মিল পাওয়া যায়। এবং ঘটনাগত দিকথেকে দেখতে গেলে ভার্জিনিয়ার নিজের সতীত্ব রক্ষা ও রাজ্যের মান বাঁচানো কৃষ্ণকুমারীর পরিণতির সঙ্গে তুলনীয়।

Scanned with CamScanner

## শেক্সপীয়ারের 'Titus Andronicus' নাটক ও কৃষ্ণকুমারী

রোমান ইতিহাসের প্রতি শেক্সপীয়রের যথেষ্ট আকর্ষণ ছিল। 'Titus Andronicus' নাটকে রোমান ইতিহাসের ছায়াপাত ঘটে। ঐই নাটক অনুসারে টাইটাস অ্যান্ড্রুনিকাসের কন্যা ল্যাভিনিয়ার বিবাহ হয় রোমের রাজপুত্র ব্যাসানিয়াসের সঙ্গে। পরবর্তীকালে ঐই সুন্দরীর রূপে মত্ত ও কামনাচঞ্চল হয়ে ওঠে গোথের রানী ট্যামোরোর দুইপুত্র ডিমেট্রিয়াস ও চিরন। প্রনয়দ্বন্দ্বের কারণে নিহত হন ল্যাভিনিয়ার স্বামী ব্যাসানিয়াস। ডিমেট্রিয়াস ও চিরন তাদের লালসাজনিত প্রতিহিংসা চরিতার্থ করে ল্যাভিনিয়ার দুটি হাত ও জিভ কেটে নিয়ে। কন্যার ঐই ভয়ঙ্কর পরিনতিতে মর্মাহত টাইটাস হত্যা করে ডিমেট্রিয়াস ও চিরনকে। এবং শেষে ঐইভাবে জীবন্মৃতা হয়ে বেঁচে থাকার দুঃসহ যন্ত্রনা থেকে মুক্তি দেন ল্যাভিনিয়াকে হত্যা করে। আলোচ্য নাটকের ডিমেট্রিয়াস, চিরন ও টাইটাস চরিত্রগুলির সঙ্গে কৃষ্ণকুমারী নাটকের জগৎসিংহ, মানসিংহ ও ভীমসিংহ চরিত্রের মিল পাওয়া যায়।

## ইউরিপিদিসের 'Iphigenia in Aulis' ও কৃষ্ণকুমারী

গ্রীক পুরান অনুসারে মাইসেনের রাজা অ্যাগামেমননের জ্যেষ্ঠা কন্যা হলেন ইফিগেনিয়া। ঐই ইফিগেনিয়াকে বলি দেওয়া হয়েছিল গ্রীকদের যুদ্ধজয়ের ব্যাপারে দেবী ডায়ানার উদ্দেশ্যে। ঐই নাটকে ইফিগেনিয়ার ট্র্যাজেডি দেখানো হয়েছে। স্পার্টার রাজা মেনেলিউসের অনুপস্থিতিতে প্যারিস হেলেনকে চুরি করে ট্রয়ে নিয়ে যায়, প্রতিকারে হেলেনকে উদ্ধারের জন্য গ্রীকরা ট্রয়ের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করে,

Scanned with CamScanner

কিন্তু খারাপ আবহাওয়ার জন্য যুদ্ধজাহাজ আউলিসে আটকে যায়। তখন দেবী আর্টেমিস পুরোহিত কলচাসের মাধ্যমে দৈববাণী করেন যে আগামেমননের কন্যা ইফিগেনিয়াকে দেবী ডায়ানার উদ্দেশ্যে বলি না দিলে জাহাজ আর অগ্রসর হবেনা ও ট্রয় বিজয়ও সম্ভব হবেনা, ইফিগেনিয়া স্বদেশের মর্যাদা রক্ষার জন্য প্রান উৎসর্গ করতে প্রস্তুত হন। পুরোহিত কলচাস দেবী ডায়ানার নামে খড়্গাঘাত করেন ইফেগেনিয়ার স্কন্ধে।

কৃষ্ণকুমারী ও ইফিগেনিয়া উভয়েই নিষ্পাপ চরিত্র। তারা উভয়ে দেশের মর্যাদা রক্ষার্থে প্রান দিয়েছেন। কিন্তু উভয় নাটকে Motif গত কিছু বৈসাদৃশ্য আছে। কৃষ্ণকুমারীর হত্যার সিদ্ধান্ত একান্তভাবেই রাজনৈতিক। কৃষ্ণকুমারীর মৃত্যু ঘটেছে প্রনয়দ্বন্দ্বের অনিবার্য পরিনামরূপে।

## টডের Annals and Antiquites of Rajasthan

কর্নেল টডের গ্রন্থে উদয়পুরের রাজকন্যা কৃষ্ণকুমারীর বিবাহবিভ্রাট এবং পিতাকে বিপদ থেকে রক্ষার জন্য কৃষ্ণার বিষগ্রহনে আত্মহত্যার কাহিনি। ভীমসিংহ যখন মেবারের সিংহাসনে বসেন মারাঠা, রাজপুত দলাদলি, সর্বত্র লুণ্ঠনরাজ দিশেহারা অবস্থা হয়ে যায়। রাজনৈতিক ঘটনাবর্তে পড়ে নিষ্পাপ বালিকা কৃষ্ণকুমারী পিতা ও রাজ্য রক্ষার জন্য বিষপান করে আত্মহত্যা করেন, টডের গ্রন্থের চরিত্র ও ভাবগত সাদৃশ্য আছে মাইকেলের 'কৃষ্ণকুমারী' নাটকের সঙ্গে। মাইকেলের কৃষ্ণকুমারী খড়্গাঘাতে আত্মহত্যা করেছিলেন। কিন্তু উভয় রচনায় কৃষ্ণকুমারীর বলিদানের উদ্দেশ্য একটাই দেশ রক্ষা।

## রাসিনের ইফিজেনিয়া ও মাইকেলের 'কৃষ্ণকুমারী'

১) কৃষ্ণকুমারী ও ইফিজেনিয়া দুজনেই দেশের ও পিতার সম্মান রক্ষার জন্য প্রানবিসর্জন দিয়েছেন।

২) একদিকে কন্যার প্রতি স্নেহ ও অন্যদিকে দেশের মর্যাদা — এ দুয়ের দ্বন্দ্বে ক্ষতবিক্ষত হয়েছেন মধুসূদনের ভীমসিংহ ও রাসিনের অ্যাগামেমনন চরিত্র।

## লেসিং এর 'Emilia Galotti' ও কৃষ্ণকুমারী

ভার্জিনিয়ার কাহিনি নিয়ে ১৭৭২ খ্রি: জার্মান নাট্যকার লেসিং এই নাটকটি লেখেন। এমিলিয়া গ্যালোত্তির প্রেমে মুগ্ধ প্রিন্সের কাহিনি। চিত্রপ্রদর্শন প্রসঙ্গ ও চিত্রদর্শনে মুগ্ধ হওয়ার ক্ষেত্রে সাদৃশ্য আছে। প্রনয়দ্বন্দ্বের পরিনামে নায়িকার জীবনবিসর্জন উভয় নাটকের সাধারন বিষয়। 'Emilia Gallotti'-র প্রিন্স চরিত্রটির সঙ্গে কৃষ্ণকুমারী নাটকের জগৎসিংহ চরিত্রটির সাদৃশ্য লক্ষ করার মতো — কেননা উভয়ের সপত্নী থাকা সত্ত্বেও অন্য নারীর প্রতি তাদের আসক্তি। এমিলিয়ার আত্মবিসর্জনের সঙ্গে কৃষ্ণকুমারীর আত্মবিসর্জন সাদৃশ্যযুক্ত।

## বাইবেলের জেপথার ও হিব্রু বাইবেলের আইজ্যাকের কাহিনি ও কৃষ্ণকুমারী :

বাইবেলের 'Old Testament' এর 'Book of Judges' অংশে জেপথার কাহিনিতে, জেপথা ছিল এক বারাঙ্গনা মায়ের সন্তান। এবং সে বড়ো এক যোদ্ধা। উভয় নাটকের (বাইবেলের জেপথা ও কৃষ্ণকুমারী) কেন্দ্রে আছে নারী। ভীমসিংহের কন্যা কৃষ্ণকুমারী ও জেপথার মেয়ে উভয়কেই প্রান দিতে হয়েছে পিতৃ-সিদ্ধান্ত অনুসারে উভয় ঘটনার

Scanned with CamScanner

নেপথ্যে আছে দৈশ্বিক অসম্মানের একটি গুরুত্বপূর্ন ভূমিকা। হিব্রু বাইবেলের 'Binding of Isaac' কাহিনিতে দেখা যায় যেখানে ঈশ্বর আব্রাহামকে নির্দেশ দিয়েছিলেন তার পুত্র আইজ্যাক -কে তাঁর কাছে উৎসর্গ করার জন্যে। এই নির্দেশ অনুসারে আব্রাম যখন তার পুত্র আইজ্যাককে বধ্যভূমিতে নিয়ে যান তখন বলি বন্ধের নির্দেশ দেওয়া হয়। এই কাহিনি অনুসরন করলেও দেখা যায় পিতা সন্তান নিধনে উদ্যত হয়েছিলেন।

## চরিত্র ও পরিবেশগত প্রভাব

ভীমসিংহ চরিত্রাঙ্কনে মধুসূদন চারিত্রিক অর্ন্তদ্বন্দ্ব বয়নে শেক্সপীয়ারের 'King Lear' নাটককে অনুসরন করেছিলেন। কিং লিয়ার' নাটকে লিয়ারের চরিত্রের মধ্যে কন্যার ভবিষ্যৎ জীবননিয়ে চিন্তা করে সঙ্কটাপন্ন মনস্তাত্ত্বিক দ্বন্দ্ব তাকে প্রায় উন্মাদ করে তুলেছিল। বাইরের প্রাকৃতিক দুর্যোগের সঙ্গে লিয়ারের মানসিক অর্ন্তদ্বন্দ্বজনিত ক্রিয়া-প্রতিক্রিয়াকে মাইকেলও ভীমসিংহের চরিত্রের ক্ষেত্রে উপস্থাপিত করেছেন।

বলেন্দ্রসিংহ চরিত্র সৃজনে শেক্সপীয়রের 'কিং জন' নাটকের Bustard চরিত্রের অনুসরন করেছেন। Bustard চরিত্রের দৃঢ়তা, নির্লিপ্ত দার্শনিক মন, সরস কৌতুক প্রয়োগভঙ্গীর দিক আরোপিত।

মদনিকার পুরুষবেশে ধারনের পিছনে ইংরেজি নাট্যসাহিত্যের এলিজাবেথীয় যুগের নারীর পুরুষবেশ ধারনের প্রবনতা লক্ষ্য করা যায়। মদনিকার ছদ্মবেশ শেক্সপীয়রের 'As you like it' নাটকের গানিমিড নামধারী রোজালিন্ড চরিত্রের কথা স্মরনে আসে। এছাড়া ধনদাস চরিত্রটির সঙ্গে ইয়াগো চরিত্রের মিল আছে। এছাড়া অলৌকিক অতিপ্রাকৃত পরিবেশসৃজন শেক্সপীয়ারের নাট্যপরিবেশকে স্মরন করায়।।

Scanned with CamScanner